



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৮৯-৫৯, দিলকশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমষ্টি বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০১.১৮-১৮০

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ।
২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক কর্মপরিকল্পনা প্রণয়ন সভার কার্যবিবরণী প্রেরণ হ্রসঞ্চ।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে বিএডিসি কর্তৃক কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত বিগত ২২ জুলাই ২০১৯ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যক্রম প্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিসসমূহে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

S. M. S. S.
২৫.০৭.১৯

মোঃ শাহিন মিয়া

উপপরিচালক

সমষ্টি বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮-১১৫।

e-mail: ds_coordination@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার হৃত্মানন্দসারে নথি):

০১. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. উপসচিব, প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/গাটবীজ/অর্থ/ক্ষয়/তদন্ত), বিএডিসি, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৬. প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৭. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৮. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঁচোঁ/বীপ্তিস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৯. যুগ্মপরিচালক (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
১০. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
১১. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১২. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১৩. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশন), বিএডিসি, ঢাকা।
১৪. উপপরিচালক (আইন), বিএডিসি, ঢাকা।
১৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৬. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৭.



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৮৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক কর্মপরিকল্পনা নির্ধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব ঝরনা বেগম, সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ), বিএডিসি।

তারিখ ও সময় : ২২ জুলাই ২০১৮; সকাল ১১:৩০ ঘটিকা।

স্থান : সংস্থার সম্মেলন কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট - ক।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্মৃতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শুক্রা জাপন করেন এবং উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক কর্মপরিকল্পনা নির্ধারণ বিষয়ে আলোচনার সূত্রপাত করেন। সভাপতি সভাকে অবগত করেন যে, ইতোমধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বিএডিসি কর্তৃক একটি কর্মপরিকল্পনা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনাটি আরও যথাযথভাবে প্রণয়ের নিমিত্ত সকলের মতামতের জন্য আজকের সভাটি আহ্বান করা হয়েছে।

০২. সভায় সংস্থার সচিব মহোদয় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ে গত ২৮/০৫/২০১৯ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় কৃষি মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনাসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় কিছু মতামত/সুপারিশ রয়েছে। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপপরিচালক (সমন্বয়) বিএডিসি কর্তৃক গৃহীত প্রাথমিক কর্মপরিকল্পনা ও কৃষি মন্ত্রণালয়ের সুপারিশসমূহ উপস্থাপন করেন।

০৩. বিস্তারিত আলোচনার পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা	বাস্তবায়নকারী বিভাগ/কমিটি
০১.	বঙ্গবন্ধু কৃষি উৎসবে বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের র্যালীসহ স্বতঃস্ফূর্ত অংশ গ্রহণ করা।	০১. সকল বিভাগ/দপ্তর (সদর দপ্তর) ০২. সকল অফিস/দপ্তর (মাঠ পর্যায়)
০২.	বিএডিসি'র গ্রন্থাগারে বঙ্গবন্ধু চতুর বা কর্ণারে বঙ্গবন্ধুর কৃষি সংক্রান্ত নির্দেশনা/বক্তব্য প্রদর্শনের নিমিত্ত মহাব্যবস্থাপক (উদ্যান) কে আহ্বায়ক, মহাব্যবস্থাপক (বীজ), মহাব্যবস্থাপক (ক্রয়), প্রধান প্রকৌশলী (সওকা), যুগ্মপরিচালক (সাধারণ পরিচর্যা) কে সদস্য এবং জনসংযোগ কর্মকর্তাকে সদস্য সচিব	০১. সংশ্লিষ্ট কমিটি। ০২. সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ।


ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা	বাস্তবায়নকারী বিভাগ/কমিটি
	করে একটি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনীয় সদস্য কো-অপ্ট করতে পারবে। উক্ত কমিটি একটি পরিকল্পনা/ডিজাইন প্রস্তুত করবেন।	
০৩.	বিএডিসি'র চলমান গবেষণাসমূহের একটি সংকলন প্রকাশ করা।	গবেষণা সেল, বিএডিসি।
০৪.	সর্বোচ্চ বীজ উৎপাদনকারী (খামার ও চুক্তিবন্ধ চাষী), বীজ বিতরণকারী (কর্মকর্তা ও ডিলার), সার বিতরণকারী (কর্মকর্তা ও ডিলার) এবং দক্ষ সেচ ব্যবস্থাপককে পুরস্কার প্রদান করা। সংশ্লিষ্ট বিষয়ে পুরস্কারের প্রদানের নিমিত্ত মহাব্যবস্থাপক (বীজ)কে আহবায়ক, মহাব্যবস্থাপক (সার), মহাব্যবস্থাপক (উদ্যান) এবং প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)কে সদস্য করে একটি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনীয় সদস্য কো-অপ্ট করতে পারবে। উক্ত কমিটি পুরস্কারের মানদণ্ড নিরূপণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন এবং পুরস্কার প্রদানের বিষয়টি মাঠ পর্যায়ে আগের থেকেই প্রচার করবেন।	০১. সংশ্লিষ্ট কমিটি। ০২. সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ।
০৫.	বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কোটিপিন প্রস্তুত করে বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের পরিধান করা।	সাধারণ পরিচর্যা বিভাগ।
০৬.	বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কৃষি সমাচারে বিশেষ সংখ্যা প্রকাশ করা।	০১. সংশ্লিষ্ট উইং/বিভাগ। ০২. জনসংযোগ বিভাগ।
০৭.	বঙ্গবন্ধুর কৃষি ভাবনা সম্পর্কিত ও বিএডিসি'র সাফল্যের ওপর ব্যানার, ফেস্টুন, লিফলেট পোষ্টার বিভিন্ন স্থানে স্থাপন এবং কৃষি মেলা/কৃষি উৎসবে বিতরণ করা। বঙ্গবন্ধুর কৃষি ভাবনা সম্পর্কিত ও বিএডিসি'র সাফল্যের ওপর ব্যানার, ফেস্টুন, লিফলেট পোষ্টার প্রণয়নের নিমিত্ত মহাব্যবস্থাপক (পাট বীজ)কে আহবায়ক, উপপ্রধান প্রকৌশলী (সওকা)-২ কে সদস্য এবং জনসংযোগ কর্মকর্তাকে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনীয় সদস্য কো-অপ্ট করতে পারবে। উক্ত কমিটি সকল উইং হতে বিএডিসি'র সাফল্য/অর্জনসমূহ সংগ্রহপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।	০১. সংশ্লিষ্ট উইং। ০২. জনসংযোগ বিভাগ। ০৩. সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ।
০৮.	বঙ্গবন্ধুর কৃষি বিষয়ে বাণী ডিজিটাল ডিসপ্লে বোর্ডে প্রচার করা।	০১. জনসংযোগ বিভাগ। ০২. নির্মাণ বিভাগ।
০৯.	বঙ্গবন্ধুর কৃষি ভাবনা বিষয়ে বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের সন্তান ও বিএডিসি'র আওতাধীন স্কুলসমূহের ছাত্র/ছাত্রীদের মাঝে রচনা প্রতিযোগিতার আয়োজন করা।	০১. নিয়োগ ও কল্যাণ বিভাগ। ০২. সাধারণ পরিচর্যা বিভাগ।
১০.	“কৃষি বিষয়ে বঙ্গবন্ধুর ভাবনা” ও কৃষি ক্ষেত্রে বিএডিসি'র সাফল্য বা অর্জন বিষয়গুলো অন্তর্ভুক্ত করে গভীরা/জারীগান পরিবেশন করা।	০১. সংশ্লিষ্ট উইং ০২. উদ্যান উন্নয়ন বিভাগ।

ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা	বাস্তবায়নকারী বিভাগ/কমিটি
১১.	কৃষি ক্ষেত্রে বিএডিসি'র সাফল্য বা অর্জন বিষয়গুলো অন্তর্ভুক্ত করে একটি ডকুমেন্টারি প্রস্তুত করা। আগামী ৩০ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে সকল উইং পরিকল্পনা বিভাগে বিএডিসি'র সাফল্য/অর্জনসমূহ দাখিল করবেন।	০১. সকল উইং ০২. পরিকল্পনা বিভাগ।
১২.	বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বিএডিসি'র সেচতনে সেবা সপ্তাহ পালন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।	০১. সংশ্লিষ্ট উইং। ০২. সাধারণ পরিচর্যা বিভাগ।
১৩.	বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বিএডিসি কর্তৃক বৃক্ষরোপণ কর্মসূচি পালন করার জন্য একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা।	০১. উদ্যান উন্নয়ন বিভাগ। ০২. এএসসি বিভাগ। ০৩. খামার বিভাগ।
১৪.	বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বিএডিসি কর্তৃক বিভিন্ন উদ্যোগ এর তালিকা প্রকাশ করা। আগামী ২০ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে সকল উইং বিএডিসি'র বিভিন্ন উদ্যোগ এর তালিকা জনসংযোগ বিভাগে দাখিল করবেন।	০১. সংশ্লিষ্ট উইং ০২. জনসংযোগ বিভাগ।
১৫.	বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ফুটবল/ক্রিকেট/ভলিবল/কাবাডিসহ অন্যান্য স্থানীয় জনপ্রিয় খেলাধূলার আয়োজন করা যেতে পারে।	০১. সকল বিভাগ/দপ্তর (সদর দপ্তর) ০২. সকল অফিস/দপ্তর (মাঠ পর্যায়)

০৪. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। এ বিষয়ে অর্থ বিভাগ প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

০৫. সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

০৬. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ঝরনা বেগম)

সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ)

ও

সভাপতি

কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটি।